International Journal of Humanities & Social Science Studies (IJHSSS)
A Peer-Reviewed Bi-monthly Bi-lingual Research Journal
ISSN: 2349-6959 (Online), ISSN: 2349-6711 (Print)
Volume-II, Issue-I, July 2015, Page No. 01-10
Published by Scholar Publications, Karimganj, Assam, India, 788711
Website: http://www.ijhsss.com

পশ্চিমবঙ্গের পূর্বগাঙ্গেয় সমভূমি অঞ্চলের ভোজপুরী ভাষাভাষীদের কথিত ভাষায় ঔপভাষিক মিশ্রণের ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য : একটি সাধারণ আলোচনা

স্বদেশ রঞ্জন চৌধুরী
কলকাতা, ভারত

Abstract

Bhojpuri community is found in various professional divisions. They are mainly manual labourer and hard working. They are less educated and most of them are illiterate. They came from the districts of Bihar, Jharkhand and adjacent Uttar Pradesh. Their position in the scenario of Dialectical tendency. The young have been accepting the utterance of RARI influence like existing social customs old colloquial utterance. Inference in relation to illiterate-literate, static-mobile. The research work will reveal the reality. The mobile have the movement outside their locality and the static have the movement within their locality. The Dialectical group has been divided into btwelve divisions. The dialectical age groups-below forty and above forty have accepted the RARI utterance of their own. The mathematical Calculation of Dialectical mixture group. Ascertainment of gradual increase of level in West Bengal East-RARI-Dialect. Utterance mobile and static group. Special characterstic of the tendency in RARI-Dialectical utterance. Becoming older or less in age of Bhojpuri people; The change of Aspirate and unaspirated sounds in Bhojpuri people. Palato-gluttural vowels and unaspirated-voiced-dental-labial sound. Prefix, suffix and in between of word, open and closed 'A' Sound, Gluttural Voice-less unaspirated sound of them. Auto change always in cerebral sound and the process of Voiced and unvoiced sounds in their dialect. Scenario of dialectical tendency and formal classification of sound, Proximity, Insertion of Euphony glides 'Y' and 'W' of the Bhojpuri people are seen. People and their language. Current Sociolinguistic situation. Syllabic Structure.

Key Words: Bhojpuri Community; Literate and Illiterate; Manners and customs; Spread labial sound; word formation; Affixes Primary and Secondary; Tendency of word to drop internal 'r' and 'h'; Mobile and immobile; Dialectical tendency; Mathematical calculation of dialectical blending; Gradual increase in east RARI Dialect; Vervs and verb Morphology; Echo Words; Reduplication; Basic Syntax.

ভারতীয় আর্যভাষা জাত নব্য ভাষাগুলির মধ্যে পূর্ব ভারতের ভাষার সবগুলিই মগধী ভাষা গোষ্ঠীর। এই ভাষা গোষ্ঠীর মধ্যে পড়ে বাঙলা, ওড়িয়া, অসমিয়া এবং অবিভক্ত বিহারের ভাষা সমূহ মগহী, ভোজপুরী এবং মৈথিলী। যেগুলিকে ভাষাতাত্ত্বিকদের অনেকেই বিহারী বলে একটি ভাষাগোষ্ঠী চিহ্নিত করে তার পরে তার উপবিভাগ করেছেন ভোজপুরী, মগহী এবং মৈথিলী হিসেবে। তবে এ বিভাগ সম্ভবত যুক্তিগ্রাহ্য নয়। মৈথিলী বাংলা ভাষার প্রথম সাহিত্য যুগে আধুনিক বাংলার পূর্বসুরি। যেমন বিদ্যাপতি অবশ্যই মৈথিলী আদি কবি কিন্তু তার পদাবলীকে বাংলা সাহিত্যের পণ্ডিতগণ বাংলা সাহিত্য সম্ভারের শ্রেষ্ঠ মণিমুক্তার মধ্যে একটি বলেই চিহ্নিত করে থাকেন।

হিন্দিভাষা যখন দেবনাগরী লিপিকে হাতিয়ার করেছে তখন থেকেই—বিহার পর্যন্ত ভূ-ভাগকে তার সাম্রাজ্যভুক্ত করে নিয়েছে। ফলে লিপির অনুপস্থিতে এবং সাহিত্য চর্চার অভাবে ভোজপুরী এবং মগহী দেবনাগরী লিপিকে আশ্রয় করেছে আর বিহার রাজ্যের অংশ হওয়ায় মৈথিলীকে দেবনাগরী লিপি গ্রাস করে নিয়েছে এবং এই ভাষাগোষ্ঠীকে বিহারী বলে উল্লেখ করতে চেয়েছেন। তেমনি ড. উদয় নারায়ণ তিওয়ারী প্রমুখ মগধী অপভ্রংশ থেকে জাত ভাষাগোষ্ঠীকে দুইভাগে ভাগ করেছেন। প্রাচ্যা এবং পূর্বী। এই পূর্বী শাখার দুটি ভাগ বাঙলা-অসমীয়া এবং ওড়িয়া। বস্তুত ওড়িয়া ভাষার সাথে বাঙলার সম্পর্ক অসমিয়ার চেয়েও অনেক কাছের। সংস্কৃতিও অনেক বেশি নিবিড়। বিস্তৃত আলোচনায় মৈথিলীকেও এই গোষ্ঠীতে সহজেই বিবেচনাধীন করা যায় কিন্তু এখানে সে বিষয়ে সংযম দেখানোই যথার্থ হবে। অন্যদিকে হিন্দিভাষাতাত্ত্বিকগণ সাধারণভাবে নব্য ভারতীয় আর্যভাষার পূর্বী মগধীর বাংলা-অসমীয়া, ওড়িয়া ব্যতিরেকে অন্য বিহারী ভাষাগুলিকে হিন্দুস্থানী বলে অভিহিত করেছেন। সামাজিক এবং সাংস্কৃতিক বৈশিষ্ট্য বিশ্লেষণেও তারা বঙ্গ-অসমিয়া এবং ওড়িয়া ভাষাকে সম্পর্কিত করেছেন। সেই সাথে 'বিহারী' ভাষাগোষ্ঠীর মধ্যে মৈথিলীকে 'বাঙলা প্রভাবিত' বলে বর্ণনা করেছেন। এই ভাষাতাত্ত্বিকগণ সাধারণভাবে হিন্দু সমাজ জীবনে ব্যবহৃত পঞ্চাঙ্গ ব্যবহারের বৈশিষ্ট্যকেও গুরুত্ব দিয়েছেন।

পশ্চিম বাংলায় জনসংখ্যার ভাষা বিচারে বাংলাভাষীদের পরই হিন্দিভাষীদের সংখ্যা উল্লেখ করার মত। পরিসংখ্যানগত দিক দিয়ে অবাংলাভাষী জনগোষ্ঠীর মধ্যে হিন্দিভাষীরাই সংখ্যাগরিষ্ঠই নয় অনুপাত বিচারে হিন্দিভাষীরাই প্রায় এদের পঁচাশি শতাংশ। মুর্শিদাবাদ, নদীয়া ও অবিভক্ত দুই চব্বিশ পরগণা (উঃ ও দঃ) জেলায়ও অবাঙলাভাষী জনসংখ্যার পরিমাণ প্রায় সত্তর লক্ষ। এদের মধ্যে প্রায় পঁচিশ লক্ষই হিন্দিভাষী। জীবিকার নানা বিভাগে এদের দেখতে পাওয়া যায়। তবে মূলত শহরাঞ্চলে এবং শীল্পাঞ্চলেই এদের দেখা মেলে। এই তিনটি জেলার জীবিকার বিভাগ বিচারে দেখা যায় হিন্দিভাষী বাসিন্দারা মূলত শ্রমজীবী। কায়িক শ্রম, কুলিগিরি, রিকসা চালানো, রেল শ্রমিক এবং কল্যাণী বা অন্যান্য শিল্পাঞ্চলে কারখানা শ্রমিক হিসেবেই এদের দেখা মেলে। বাকি অংশ ব্যবসায় ও অন্যান্য পেশার সঙ্গে যুক্ত। সাধারণভাবে পেশার এই চরিত্র বিচারে এরা স্বল্প শিক্ষিত এবং গরিষ্ঠরাই নিরক্ষর। অন্য দিকে এই সব হিন্দিভাষীদের সবচেয়ে লক্ষণীয় বৈশিষ্ট্য যে, এরা এই এলাকায় এক গরিষ্ঠ অংশ দীর্ঘদিন, এমন কি ত্রিশ পঁয়ত্রিশ বছরের বাসিন্দা হলেও এদের সামাজিক ভিত্তি যেন সম্পূর্ণরূপেই জীবিকা কেন্দ্রিক।

হিন্দিভাষী জনগোষ্ঠীর গরিষ্ঠ অংশই বিহার, ঝাড়খণ্ড এবং সংলগ্ন উত্তরপ্রদেশের জেলাগুলি থেকে আগত। এই সব জেলাগুলির মধ্যে রয়েছে ভাগলপুর, মজঃফরপুর, গয়া, সাসারাম, বালিয়া, গোরক্ষপুর, ভোজপুর প্রভৃতি। কথ্যরীতিতে এরা অধিকাংশই ভোজপুরী এবং দেশওয়ালী।

পূর্বভাগীরথী অঞ্চলের মুর্শিদাবাদ, নদীয়া, উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগণায় এই সব হিন্দিভাষাভাষীদের ভোজপুরী গোষ্ঠীর দেখা পাওয়া যায়। এদের ভাষিক প্রবণতা, বয়স, প্রজন্ম, শিক্ষা, পেশা ইত্যাদির দিক থেকে ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য বিশ্লেষণে; বিভিন্ন বয়ঃক্রমিক নিরক্ষর এবং সাক্ষর বাচক গোষ্ঠীদের উচ্চারিত শব্দগুলিতে যে পরিবর্তন সাধিত হয়েছে তার ধ্বনিতাত্ত্বিক কারণসমূহ দেখানোর চেষ্টা করা হয়েছে। সাক্ষর-নিরক্ষর, অচল বা সচল যে কোন শ্রেণীভুক্ত হোন না কেন, বেশি বয়সের বাচক গোষ্ঠীরা সামাজিক রীতিনীতির মতই উচ্চারণের ক্ষেত্রে অতীতকে আঁকড়ে রাখতে চাইছেন, অল্প বয়স্করা উচ্চারণের ক্ষেত্রে তারা মধ্যপন্থী। প্রাচীন অভ্যাসকে কিছুটা ধরে রাখলেও রাঢ়ী প্রভাবে উচ্চারণের ক্ষেত্রে নতুন রূপকে মেনে নিতে ততটা অসম্মত নন। আর চল্লিশের অনূর্ধ্বরা অর্থাৎ অপেক্ষাকৃত নুতনেরা তারা অনেকেই প্রাচীন অভ্যাস বর্জন করে রাঢ়ী শব্দের নতুন রূপকে স্বচ্ছন্দে মেনে নিতে রাজী। সে কারণে ভোজপুরী ভাষাভাষী বাচক গোষ্ঠীদের উচ্চারিত শব্দের ধ্বনিতাত্ত্বিক বিবর্তনটি বয়ঃক্রমিক হয়ে উঠেছে। অর্থাৎ এই বিবর্তন স্পষ্টভাবে দেখাতে গেলে বয়ঃক্রমিক নিরক্ষর, সাক্ষর, অচল ও সচল দিক থেকে বিচার করলেই প্রকৃত সত্যের সম্মুখীন হওয়া সম্ভব হবে। যাঁরা প্রয়োজনে বা বিশেষ কারণে এলাকার বাইরে যাবার প্রয়োজন অনুভব করেন না তাঁরই অচল আর যাঁরা এলাকার বাইরে যাতায়াত করেন তাদের সচল বলে বলা হল। প্রতিক্ষেত্রেই বয়স অনুযায়ী এই ভোজপুরী ভাষাভাষী বাচক গোষ্ঠীদের বারটি ভাগে ভাগ করা হয়েছে। (এক) ষাটের ঊর্ধ্বে নিরক্ষর অচল-'অ^{১}'; (দুই) ষাটের ঊর্ধ্বে নিরক্ষর-সচল-'স^{১}'; (তিন) ষাটের ঊর্ধ্বে সাক্ষর-অচল-'অ^{২}'; (চার) ষাটের ঊর্ধ্বে সাক্ষর-সচল-'স^{২}'; (পাঁচ) চল্লিশের ঊর্ধ্বে নিরক্ষর-অচল-'অ^{৩}'; (ছয়) চল্লিশের ঊর্ধ্বে নিরক্ষর-সচল-'স^{৩}'; (সাত) চল্লিশের ঊর্ধ্বে সাক্ষর-অচল-'অ^{৪}'; (আট) চল্লিশের ঊর্ধ্বে সাক্ষর-সচল-'স^{৪}'; (নয়) চল্লিশের অনূর্ধ্ব নিরক্ষর-অচল-'অ^{৫}'; (দশ) চল্লিশের অনূর্ধ্ব নিরক্ষর-সচল-'স^{৫}'; (এগারো) চল্লিশের অনূর্ধ্ব সাক্ষর-অচল-'অ^{৬}'; (বার) চল্লিশের অনূর্ধ্ব সাক্ষর-সচল-'স^{৬}'।

প্রথম শ্রেণির ক্ষেত্রে-অ^{১}, স^{১}; অ^{২}, স^{২}; অ^{৩}, স^{৩}; অ^{৪}, স^{৪} বাচক গোষ্ঠীদের উচ্চারণ মোটামুটি একই ধরণের থেকে গেছে। কিন্তু চল্লিশ অনূর্ধ্ব শেষ চারটি শ্রেণি অ^{৫}, স^{৫} ও অ^{৬}, স^{৬}-এর বাচক গোষ্ঠীরা বাস্তব প্রয়োজনের পরিপ্রেক্ষিতে অনেকটা আকস্মিকভাবে রাঢ়ী উচ্চারণকেই নিজস্ব উচ্চারণ রূপে প্রকাশ করেছে। তাই প্রথম আটটি শ্রেণির ক্ষেত্রে একই উচ্চারণকে আটবার উল্লেখ না করে একবার মাত্র উল্লেখ করা হয়েছে। পরবর্তী চারটি শ্রেণির ক্ষেত্রে তাঁরা কিভাবে রাঢ়ী উচ্চারণকে অনুসরণ করেছে সেটাই দেখানো হয়েছে। অ^{১}, স^{১}, অ^{২} স^{২}, অ^{৩}, স^{৩}, অ^{৪} ও স^{৪} বাচক গোষ্ঠীরা মৌখিক আঞ্চলিক উচ্চারণের ভিত্তিতে বিভিন্ন পদের নমুনা দেখানো হয়েছে।

অ এবং স^{১} বাচক গোষ্ঠীর ব্যবহৃত শব্দে ধ্বনি পরিবর্তন খুবই সামান্য। যে ধ্বনি পরিবর্তন খুবই সামান্য। যে শুধু পরিবর্তন দেখাচ্ছি তা শুধু অ^{১} এবং স^{১} ভেদের জন্য।

অ^{১}-বাচক গোষ্ঠীর মুখের ভাষায়, "তর্ই, মরিচা, কমর্ধনি, মহ্তারি, বস্রি, তিঅর্, সবের্, পিআর্কইল, রউআ, দতুঅন্, ভসুর্, সাত্আ, চম্রা, অম্রা", প্রভৃতি শব্দগুচ্ছে পদাদি, পদমধ্যস্থ ও পদান্তে কণ্ঠ্য অ-স্বরধ্বনি কণ্ঠৌষ্ঠ্যও-স্বরধ্বনিতে এসে স^{২} এর বুলি হয়েছে, "তরোই, মোরিচা, কোমর্ধনি, মহোতারি, বসোরি, তিওর, সোবের্, পিআর্কোইল্, রোউআ, দতুওনো, ভোসুরো, সাতোআ, চোম্রা, ওমরা"। অ^{১}-সদস্যদের কথিত বুলি, "আমাওআস্, কসোম্, হালওআইন্,গওনা, সোমার্, গোম্সাইন্, দওনি, সব্ওউ, ওসারা, ওউনেপউনে, চোউথি, তোরহি ওলট্ফের, ওরহ্নি, ওব্নি" শব্দাবলীতে শব্দাদ্যে ও শব্দমধ্যস্থ কণ্ঠৌষ্ঠ্য ও-স্বরধ্বনি কণ্ঠ্য অ-স্বরধ্বনিতে এসে স^{১}-এর মুখের বুলি হয়েছে "আমাঅআস্, কসম্, হালঅআইন্, গঅন্া, সমার্, গমসাইন্, দঅন্ি, সব্অউ, অসারা, অউনেপউনে, চউথি, তরহি, অলট্ফের অর্হনি, অব্নি"। অ^{১}-এর বুলি হ'ল, "উ, হউ, চউকা, জানেউ, ঘেউরা, গমক্উআ, রউরা, উলট্পালট্, উল্হানা, কুআল্, সিলোউরি, উরহেনা", শব্দগুচ্ছে ওষ্ঠ্য উ-স্বরধ্বনি কণ্ঠৌষ্ঠ্য ও-স্বরধ্বনিতে এসে স^{১}-এর বুলি হল গিয়ে, "ও, হও, চওকা, জানেও, ঘেওরা, গমক্ওআ, রওরা, ওলট্পালট্, ওল্হানা, কোআল্, সিলোওরি, ওর্হেনা"। অ^{১}-এর কথা, "ছাওনি, কেওআরি, ওকর্, মিঠাইওআলা, গোদাম্, সোহগ্ই, তিওর্, গিরআও, চোওরাসি, ওল্তি" প্রভৃতি শব্দগুলিতে কণ্ঠৌষ্ঠ্য ও-স্বরধ্বনি ওষ্ঠ্য উ-স্বরধ্বনিতে এসে স^{১} বোলছে, "ছাউনি, কেউআরি, উকর্, মিঠাইউআলা, গুদাম্, সুহগ্ই, তিউর্, গির্আউ, চোউরাসি, উল্তি"।

অ^{১}-এর "ইনসেকর্, জেইসে, পইজনি, ইনার্, বিআইল্, চিরেই, মার্ই, চইলা, ইমান্, ইসতিহার" শব্দগুচ্ছে আদি, মধ্য ও অন্ত্যে তালব্য ই-স্বরধ্বনি কণ্ঠ্যতালব্য এ-স্বরধ্বনিতে পরিবর্তিত হয়ে স^{১}-এর কথা হয় "এন্সেকর্, জেএসে পএজনি, এনার্, বিআএল্, চেরেই, মার্এ, চএলা, এমান্, ইসতেহার"। অ^{১}-এর "এহিসে, একত্, এজো, মওএসি, এত্ওআর, একর, এজি, বাদরাএন, দের, দেস, দেসি" শব্দগুচ্ছে এ-স্বরধ্বনি ই-স্বরধ্বনিকে জায়গা করে দিচ্ছে স^{১}-এ "ইহিসে, ইক্ত, ইজো, মওইসি, ইত্ওআর্, ইকর্, ইজি, বাদরাইন, দির্, দিস্, দিসি"। অ^{১}-এর "কেআরি, বিআ, গারসি, নতিআ, সুকুআর্, দুআর্, কলেওআ, মারোআ, সার্, পিআসল্" শব্দাবলীতে কণ্ঠ্য আ-স্বরধ্বনি সংবৃত কণ্ঠ্যতালব্য এ-স্বরধ্বনিকে স্থান করে দিয়ে স^{১}-এ বোলছে "কেএরি, বিএ, গেরাসি, নতিএ, সুকুএর্, দুএর্, কলেওএ, মারোএ্, সের, পিএ্সল্"। অ^{১}-সদস্যদের মুখের কথায় "পাঁঅনা, ঘুঁটা, ডাঁরা, কোঁহরা, কোঁন, গাঁট, চঁঅওর, সাঁজন, উঁহা, কাঁচ, হাঁসুয়া" প্রভৃতি শব্দগুচ্ছে ঘোষবৎ অল্পপ্রাণ অনুনাসিক ব্যঞ্জনধ্বনি স্বাভাবিকভাবেই লোপ পেয়ে যাচ্ছে স^{১}-সদস্যদের মুখে মুখে আর বলে, "পাঅনা, ঘুটা, ডারা, কোহরা, কোনগাট, চঅওর, সাজন, উহা, কাচ, হাসুয়া"। অ^{১}-এর কথা হল গিয়ে "হুম্নিকে, হম্রাকে, তোহ্নিকে, হমার্, হউসব্, তোহার্, তহার্, পির্হা, আধ্আহান্, চুল্হা, হাতাউরি, সির্হি" শব্দগুচ্ছের আদি, মধ্য ও অন্ত্যে শ্বাসাঘাতযুক্ত হেতু কণ্ঠ্যনালীয় উষ্ম ঘোষবৎ হ-ব্যঞ্জনধ্বনি অল্পপ্রাণিত হয়ে যায় স^{১}-দের মৌখিক কথা বার্তায় "অম্নিকে, অম্রাকে, তোঅনিকে, অমার্, অউসব্, তোআর্, তআর্, পির্আ, আধ্আআন, চুল্আ, আতাউরি, সিরই"।

অ^{১}-এর মুখের বুলি হচ্ছে, "মগইআ, আজম, কোঅরা, অরআ, অউতি, ওতনি, উদনা" প্রভৃতি শব্দগুচ্ছে প্রায়শই কণ্ঠ্যনালীয় স্পর্শ সঘোষ অ-স্বরধ্বনি কণ্ঠ্যনালীয় উষ্ম ঘোষবৎ মহাপ্রাণ ধ্বনির প্রাণ হ-কার ব্যঞ্জনধ্বনির স্থান করে দিয়ে স^{১}-এ বলে চলেছে "মগ্ইহা, হাজমা, কোহ্রা, হর্হা, হউতি, হোত্নি, হোদ্না"। অ^{১}-বাচক গোষ্ঠীর মুখে "বাথানি, ঠেকুআ, চোখা, খলি, তুরথ্, ঘুন্, ভাগ্জুগনি, ফেন্সা" শব্দগুচ্ছে মহাপ্রাণধ্বনির প্রাণধ্বনি অল্পপ্রাণিত হচ্ছে স^{১}-এর মুখে "বাতানি, টেকুআ, চোকা, কলি, তুরত্, গুন্, বাগ্জুগনি, পেন্সা"। অ^{১}-এর মুখে "হিং, লেহাংগা দোংগা, মংগল, মাংগ, তাংগি, কংধা, ধাংধা, ঝংকার্" শব্দগুচ্ছে অঘোষ মহাপ্রাণ অনুনাসিক অযোগবাহ ং -ব্যঞ্জনধ্বনি উচ্চারণে মহাপ্রাণতা হারিয়ে নাসিক্য ন-স্পষ্ট ব্যঞ্জনধ্বনিতে এসে স^{১}-এ উচ্চারিত ধ্বনি হয়ে ওঠে, "হিন, লেহান্গা, দোন্গা, মন্গল্, মান্গ, তান্গি, কন্ধা, ধান্ধা, ঝন্কার,"। অ^{১} সদস্যদের মুখে "জব্তক্, ওকনিকে, জোকরা, ওক্রাকে, বক্সা, বুরবক্, সিক্হর্, নিমক্, হলুক্, কন্সার্" শব্দগুচ্ছে জিহ্বামূলীয় অল্পপ্রাণ অঘোষ স্পৃষ্ট ক-ব্যঞ্জনধ্বনি ঘোষীভবন প্রক্রিয়ায় ঠেলে দিয়ে যাচ্ছে অল্পপ্রাণ ঘোষবৎ স্পৃষ্ট

গ-ব্যঞ্জনধ্বনিকে আর স১ হয়ে যায় “জব্‌তগ্‌, ওগনিকে, জোগ্‌রা, ওগ্‌রাকে, বগ্‌সা, বুর্‌বগ্‌, সিগ্‌হর্‌, নিমগ্‌, হলুগ্‌, গন্‌সার্‌”। অ১-বাচকদের মুখে, “পাগ্‌হা, ভগওআন্‌, ভাগ্‌, মগঅর, আগ্‌, মিল্‌গিআ, লগ্‌হর্‌, লগন্‌, গর্‌হি, গোর্‌, আগ্‌হি” শব্দগুচ্ছে আদি, মধ্য ও অন্ত্যে অঘোষীভূত হচ্ছে স১-এ, “পাক্‌হা, ভকওআন্‌, ভাক্‌, মক্‌অর, আক্‌, মিল্‌কিআ, লক্‌হর্‌, লকন্‌, কর্‌হি, কোর্‌, আক্‌হি”। অ১-এর, “পর্‌তি, খাপরা, খোপ্‌, পোঁছ, ছিপ্‌আ, রুপিআ, পেচ, পইসা, উপাস, নপ্‌না, কপ্‌রা, লপ্‌এটল”, শব্দগুচ্ছে আদি, মধ্য ও অন্ত্যে ঘোষীভূত হয়ে যায় স১-এর মুখে, “বর্‌তি, খাব্‌রা, খোব্‌, বোঁছ্‌, ছিব্‌আ, রুব্‌ইআ, বেচ্‌, বইসা, উবাস্‌, নব্‌না, কব্‌রা, লব্‌এটল্‌’। ‘অ১-এর বুলি, “মতলব্‌, সব্‌কর, কিতাব, জাব্‌, সুব্‌, বাবুআ, বাবুনি, বাবুজি, সব্‌লিআ, বাছা, বাছি, তম্‌ব” প্রভৃতি শব্দগুচ্ছে অল্পপ্রাণ দন্তোষ্ঠ্য অন্তঃস্থ ব-ব্যঞ্জনধ্বনি অঘোষীভূত হয়ে অল্পপ্রাণ ওষ্ঠ্য প-ব্যঞ্জনধ্বনিতে উচ্চারিত হচ্ছে স১-এর মুখে মুখে “মত্‌লপ্‌, সপ্‌কর্‌, কিতাপ্‌, জাপ্‌, সুপু, বাপুআ, বাপুনি, বাপুজি, সপ্‌লিআ, পাছা, পাছি, তম্‌প”।

অ১-এর মুখে, “নুক্‌সান্‌, নখুন, নম্‌কিন্‌ নাঠা, দর্‌সন, সেনুর, সোন্‌রা, নিমন্‌, জান্‌, গির্‌নারি” প্রভৃতি শব্দগুচ্ছে ‘ল’ ও ‘ন’ এর চাঞ্চল্য লক্ষ্য করি স১ সদস্যদের মুখে, “লুকসান, লখুন, লম্‌কিন্‌, লাঠা, দর্‌সল্‌, সেলুর, সোল্‌রা, নিমল্‌, জাল্‌, গিরলারি”। অ১-এর, “চাল্‌নি, লিপল্‌, কান্‌বালি, আলুই, লোটা, বরল্‌, লাগান্‌, লরিকা, লব্‌কোরি, লম্‌হর্‌, লম্‌বা, লম্‌বর” প্রভৃতি শব্দগুচ্ছে ‘ল’ ধ্বনি ‘ন’-ধ্বনি হয়ে যাচ্ছে স১-দের মুখে “চান্‌নি, নিপল্‌, কানবানি, আনুই, নোটা, বরন্‌, নাগান্‌, নরিকা, নব্‌কোরি, নম্‌হর্‌, নম্‌বা, নম্‌বর”। অ১-এর শব্দাবলী, “করেজা, মারো, কপার, কেরা, কেরাছাপ” শব্দগুচ্ছে ‘র’ ও ‘ল’ ব্যঞ্জনধ্বনির চাঞ্চল্য লক্ষ্য করা যায় স১-এ “কলেজা, মালো, কপাল, কেলা, কেলাছাপ”। অ১-দের মুখে, “ইআদ্‌কইল্‌, ব্‌রসাদ, গিদ্‌, বাদসা, আনহদ, মরদ্‌, বরদ্‌, আদত্‌, দুবর্‌, ইদ, আদ্‌মি”, শব্দগুচ্ছে দ-ব্যঞ্জনধ্বনি ত-ব্যঞ্জনধ্বনি হয়ে ফিরছে, স১-এর মুখে মুখে, “ইআত্‌কইল্‌, বরসাত্‌, গিত্‌, বাত্‌সা, আন্‌হত্‌, মর্‌ত, বর্‌ত, আত্‌ত, তুবর্‌, ইত্‌, আত্‌মি”। অ১-এর কহত্‌, মজবুত্‌, সুস্‌মাত, রাত্‌, উসত্‌রা, লউকত্‌, খেতপাথার, তবিঅত্‌, দেহাত,” প্রভৃতি শব্দগুচ্ছ অল্পপ্রাণ অঘোষদন্ত্য স্পর্শ ত-ব্যঞ্জনধ্বনি ঘোষীভবন প্রক্রিয়ায় সঘোষ অল্পপ্রাণ দন্ড্য দ-ব্যঞ্জনধ্বনিতে সরে এসে স১-তে বোলতে শুনেছি, “কহদ্‌, মতাবুদ্‌, সুস্‌মাদ্‌, রাদ্‌, উসদ্‌রা, লউকদ্‌, খেদপাথার, তবিঅদ্‌, দেহাদ্‌”। অ১-দের, “হাত্‌তিআরা, তেল্‌চাট্‌টা, কেক্‌রাকে, গগ্‌রি, কির্‌কা, দল্‌পিট্‌টি, টিট্‌, মম্‌হর্‌, দদ্‌হর্‌, লিট্‌টি, পিপ্‌নি”, প্রভৃতি শব্দগুচ্ছ পাশাপাশি দুটি সমযুগ্ম ব্যঞ্জনধ্বনির একটি পরিবর্তন হয়ে যাচ্ছে বিষমীভবন প্রক্রিয়ায় এসে স্বাভাবিকতা লাভ করছে স১-এর মুখে “হাদ্‌তিআরা, তেলচাড্‌টা, কেগ্‌রাকে, গত্‌রি, কির্‌না, দল্‌পিত্‌টি, টিড্‌, মন্‌হর্‌, দত্‌হর্‌, লিত্‌টি, পিব্‌নি”। অ১-দের মুখের ভাষায়, “বপ্‌সি, বভ্‌না লউনড়ি, মচছর, হেলান, সক্‌রা, দতিনা”, প্রভৃতি শব্দগুচ্ছ পদমধ্যস্থ পাশাপাশি দুটি বিষমধ্বনি সমীভূত হয়ে সমযুগ্ম ব্যঞ্জনে এসে স১-দের বুলি হল গিয়ে, “পপ্‌সি, বব্‌না, নউনড়ি, মচ্‌চর, হেনান, সক্‌কা, দদিনা”।

অ১-দের মুখের ভাষায়, “খটমল, নাট, খটাল, চউকট, টমাটর, কট্‌বেল্‌, টিক্‌উলি, নাটোআ, নট্‌নি, নট্‌, সিটি, চুট্‌কি, টিকট্‌, ইটা,” প্রভৃতি শব্দগুচ্ছ স্বতোমূর্ধন্যীভবনের ফলে মূর্ধা ট- ব্যঞ্জনধ্বনি দন্ত ত-ব্যঞ্জনধ্বনিতে ফিরে এসে স১ দের মুখের বুলি হয়ে যায় “খত্‌মল্‌, নাত্‌, খতাল্‌, চউকত্‌, তমাতর্‌, কত্‌বেল্‌, তিক্‌উলি, নাতোআ, নত্‌নি, নত্‌, সিতি, চুত্‌কি, তিকত্‌, ইতা”। অ১-দের মুখের বুলি, “ছিনার, ছালি, মছরি, ছাচ, ছাউনি, ছওরা, ছুতহর, ছান, ছানি, বিছৌনা, পরছাওন, ছিলকা”, শব্দাবলীতে অঘোষ তালব্য মহাপ্রাণ ঘৃষ্ট ছ-ব্যঞ্জনধ্বনির মহাপ্রাণতা হারিয়ে স-ধ্বনিতে এসে স১র মুখে উঠছে, “সিনার্‌, সালি, মস্‌রি, সাচ্‌, সাউনি, সওরা, সুত্‌হর্‌, সান, সানি, বিসৌনা, পর্‌সাওন্‌, সিল্‌কা,”।অ১র মুখের ভাষা, “অসন্‌, অপেল্‌, অপিল্‌, অম্‌লা, অমির্‌, অর্‌জি, অদ্‌লা, অচ্‌মন্‌, অগে, অটা”, শব্দগুচ্ছ প্রায়ই কণ্ঠ্যনালীর স্পর্শ অ-স্বরধ্বনি কণ্ঠ্য আ-স্বরধ্বনিতে এসে স১ বলতে শুনি, “আসন্‌, আপেল্‌, আপিল্‌, আম্‌লা, আমির্‌, আর্‌জি, আদ্‌লা, আচ্‌মন্‌, আগে, আটা”।

আমরা এখন ষাটের ঊর্ধে ভোজপুরী ভাষাভাষী বাচক গোষ্ঠির সাক্ষর সম্প্রদায়ের নিয়ে ঔপভাষিক মিশ্রণের আংকিক হিসেব নির্ণয়ে সমীক্ষায় এগোলাম। এখানে আমরা অচল ও সচল ভেদে নাম দিলাম ‘অ২’ ও ‘স২’। অবশ্য এই পর্বে সংগৃহীত শব্দের মধ্যে পূর্ব রাঢ়ীর তেমন ঔপভাষিক প্রভাব চোখে পড়ছেনা। যে ধ্বনি পরিবর্তন দেখাচ্ছি ‘অ২’ ও ‘স২’ ভেদের জন্য। তেমন পূর্বরাঢ়ীয় প্রভাব উল্লেখযোগ্য না থাকলেও তবে লক্ষণীয়। সাক্ষরিত জনেরা সব সময় শুদ্ধ ভাষারূপ প্রয়োগের একটা বিশেষ প্রবণতা দেখা যায়। এঁদের ভাষিক প্রতিক্রিয়া মোটামুটি শুরু বলা যেতে পারে। আমরা সত্তর জন করে সদস্য নিয়ে সমীক্ষায় এগোলাম।

অ২-বাচকগোষ্ঠির মুখের ভাষায়, “মরই, নিঅরে, জমিন্‌, গর্‌মি, সনিচর্‌, অকল্‌, অত্‌, অসিকো”, প্রভৃতি শব্দগুচ্ছ আদি, মধ্য ও অন্ত্যে অ,য-ফলা, আ, উ-যুক্ত ব্যঞ্জনের পূর্ববর্তী শব্দাদ্য কণ্ঠ্য অল্পপ্রাণ অ-স্বরধ্বনির কণ্ঠৌষ্ঠ্য ও-স্বরধ্বনি হয়ে স২-দের বুলি হচ্ছে, “মোরই, নিওরে, জোমিন্‌, গোরমি, সোনিচর, ওকল্‌, ওত্‌ ওসিকো”। অ২দের মুখের ভাষা, “চোকর্‌, মোচ্‌, সোজ্‌, চোনা, দোহা, দোআহ্‌, দোনা, কোনা, ওক্‌নি, ওত্‌না” শব্দগুচ্ছ স২র মুখের কথা হয়ে যায় অ-স্বরধ্বনিতে, চকর্‌, মচ্‌,

সজ্, চনা, দহ্, দআহ, দনা,কনা, অক্নি, অত্না”। অ২র মুখে, “পুরা, চুলি, মসুরিআ, মরুআ, উন্কর্, উজর্, মুস্, উখ্, আউঘর্”, প্রভৃতি শব্দাবলীতে পদাদি ও পদ মধ্যে ওষ্ঠ্য উ-ধ্বনির কণ্ঠৌষ্ঠ্য ও-ধ্বনিকে স্থান করে দিয়ে স২ এর কথা হতে শুনি, “পোরা, চোলি, মসোরিআ, মরোআ, ওন্কর্, ওজর্, মোস্, ওখ্, আওঘর”। অ২-দের, “গাও্ইআ, দাও্আই, দোসি, গাও্আরি, বাস্ওআরি, চোওতি, ভোতর্, চোখা, ওন্কর্, নোন্কি”, প্রভৃতি শব্দগুচ্ছ আদি ও মধ্যে কণ্ঠৌষ্ঠ্য ও-স্বরধনিকে স্থানচ্যুত করে ওষ্ঠ্য উ-স্বরধ্বনি এসে যায়গা করে নিয়ে স২ কথা হয়ে যায়, “গউইআ, দাউয়াই, দুসি, গাউ্আরি, বাসউ্আরি, চোউতি, ভুতর্, চুখা, উন্কর্, নুন্কি”। অ২-এর, “কইসে, জইসে, ইসনে, মনই, চেইলি, ইনাম্, ইসারা, ইক্বাল্, ইনার্, ইক্বালি”, শব্দতে পদাদি, পদমধ্য ও পদান্ত্যে তালব্য ই-ধ্বনি কণ্ঠ্যতালব্য এ-ধ্বনিকে বসিয়ে স২-এর মুখের বুলি হ’ল গিয়ে, “কএ্সে, জএ্সে, এস্নে, মন্এ, চেএ্লি, এনাম্, এসারা, এক্বাল্, এনার্, এক্বালি”। অ২দের কথায়, “একর্, এসে, এইসে, পিএ্লাএক্, তেরাইল্, লএল্টেন্, দএ্লা”, শব্দগুচ্ছে পদাদি, পদমধ্য ও পদান্ত্যে কণ্ঠতালব্য এ-ধ্বনি তালব্য ই-ধ্বনিকে স্থান করে দিয়ে স২-দের বলা কথা , “ইকর্, ইসে, ইইসে, পিইলাইক্, তিরাইল্, লইল্টেন্, দই্লা”।

অ২-দের, “আচার, মারোআ, পনিআ, আস্মান্, জান্হার্, বতিআ, বিআ, আগি, আনহি, ডিবিআ”, শব্দগুলিতে কণ্ঠ্য আ-ধ্বনি কণ্ঠ্যতালব্য এ-ধ্বনিতে এসে স২-তে বলছে, “এচের, মারোএ, পনিএ, এস্মান, জেন্হার্, বতিএ, বিএ, এগি, এন্হি, ডিবিএ”। অ২-দের কথ্য ভাষায়, “খঁতিআন্, ছাঁওআ, কোঁরহি, বাঁছি, উঁহাপর্, সাঁপ, সাঁর, পোঁরল, সাঁই”, শব্দগুলিতে ঘোষবৎ অল্পপ্রাণ অনুনাসিক ‘ঁ’ ব্যঞ্জনধ্বনি লোপ পেয়ে যাচ্ছে স২ দের বেলায় আর বোলছে, “খতিআন্, ছাওআ, কোরহি, বাছি, বাছা, উহাপর্, সাপ্, সার্, পোরল্, সাই”। অ২-দের কথায়, “বহতা, দহি, তেহরি, হারিআ, মরহা, হলকা, কুলওহাসি, নোহর্নি, হপতা,” শব্দগুচ্ছ হ-উষ্মব্যঞ্জনধ্বনির মহাপ্রাণতা হারাচ্ছে স২-তে আর বলে, “বঅতা, দই, তেঅ্রি, আরিআ, মর্আ, অল্কা, কুলওআসি, নোঅর্নি, অপ্তা”। অ২-দের মুখের ভাষায়, “সোঅনি, বিআ, চাও, আরতি, অলতা, উরোতনা, তেঅনি,” শব্দগুচ্ছে হ-ব্যঞ্জনধ্বনির আগম শুনতে পাই শ্বাসাঘাত হেতু তখন স২-দের কথা হয়ে যায়, “সোহনি, বিহা, চাহ, হার্তি, হল্তা, হুরত্না, তেহ্নি”। অ২-দের কথ্য ভাষায়, “ঝরুখা, ঘাসফুল, খিচরি, বাঘ, বাখা, মিঠাই, বুধ, ঝোরা, ঘাম্, ফের্হা, পহসুল”, শব্দগুলি অল্পপ্রাণিত হচ্ছে স২-দের ক্ষেত্রে আর বোলছে, “জরুকা, গাসফুল, কিচ্রি, বাগ্, বাকা, মিটাই, বুদ্, জোরা, গাম্, পের্হা, পঅসুল”। অ২-দের কথ্য ভাষায়, “অংগনা, সংখা, কংঘি, বংসি, সিং, সংখ, ঝংড়া, ডংখা, কংডা, পংডা, পুংগি, নাংগা,” শব্দগুচ্ছে অনুনাসিক ং--ব্যঞ্জনধ্বনি নাসিক্য মহাপ্রাণ ন-ব্যঞ্জনধ্বনিরই অবস্থাভেদ মাত্র আর স২-তে রূপ হল গিয়ে, “অন্গনা, সন্খা, কন্ঘি, বন্সি, সিন্, সন্খ, ঝন্ড়া, ডন্খা, কন্ডা, পন্ডা, পুন্গি, নান্গা”। অ২-দের বুলিতে “ঢক্নি, জক্রি, কাজর্, কুদার্, চক্বন্দি, লেকিন্, একান্রে, একাঅন্, মক্রি, পাকল্, জাকর্, তোক্নেসরর্”, শব্দগুচ্ছে অঘোষ অল্পপ্রাণ ক-ধ্বনি ঘোষবৎ হয় জিহ্বামূলীয় অল্পপ্রাণ গ-ব্যঞ্জনধ্বনিতে এসে স২-এ বোলতে শুনেছি, “ঢগ্নি, জগ্রি, গাজর্, গুদার্, চগ্বন্দি, লেগিন্, এগান্রে, এগাঅন্, মগরি, পাগল্, জাগর্, তোগনেসরর্”।

অ২-দের মুখে, “গর্ই, সগর্, গোর্, গর্দন্, চমগ্দার্, বগ্ইচা, গিরস্তি, সিগ্, জগ্, ডিগ্,” শব্দগুচ্ছে সঘোষ অল্পপ্রাণ গ-ব্যঞ্জনধ্বনি অঘোষীভবন হয়ে অঘোষ অল্পপ্রাণ ক-ব্যঞ্জনধ্বনিতে ফিরে এসে স২-দের বুলি হয়েছে, “কর্ই, সকর্, কোর্, কর্দন্, চমক্দার্, বক্এইচা, কিরস্তি, সিক্, জক্, ডিক্”। অ২-দের, “ছিপকিলি, পানজ্রা, ঝোপরি, পাঁরে, পাতর, পাতই, পিস্নি, পান, জাপ, নাপ, কপটি”, প্রভৃতি শব্দগুচ্ছ অঘোষ অল্পপ্রাণ ওষ্ঠ্য প-ব্যঞ্জনধ্বনি সঘোষ অল্পপ্রাণ ঘোষবৎ দন্তোষ্ঠ্য অন্তঃস্থ ব-ব্যঞ্জনধ্বনিকে জায়গা করে দিয়ে স২-এ বলে, “ছিব্কিলি, বানজ্রা, ঝোব্রি, বাঁরে, বাতর্, বাত্ই, বিস্নি, বান্, জাব্, নাব্, কব্টি”। অ২-এর, “সেনুর্, নারিআখাপ্রা, নন্অকা, নাগিনা, নজর, নাচোইআ, নতদি” প্রভৃতি শব্দগুচ্ছ ‘ন’ ও ‘ল’ এর বিপর্যয় দেখতে পাই স২-এ, “সেলুর, লারিআখাপ্রা, লন্অকা, লাগিনা, লজর্, লাচোই্আ, লত্দি”। অ২-এর “দালান্, তাল্, মর্গহল্, লাঠি, কুল্ছনি, লমহর্, লাল্টেন্, লান্বুকি” প্রভৃতি শব্দগুচ্ছ ‘ল’ ও ‘ন’ এর চাঞ্চল্য দেখি স২-এ, “দানান্, তান, মর্গহন্, নাঠি, কুন্ছনি, নম্হর্, নাল্টেন্, নানবুকি”। অ২-এর, “তার্, রহসুন, কঠ্হর অট্রি, অরগুআন”, প্রভৃতি শব্দগুচ্ছ ‘র’ ও ‘ল’ এর চাঞ্চল্য শুনতে পাই স২-এ, “তাল্, লহসুন্, কঠ্হল্, অট্লি, অল্গুআন্”। অ২-এর, “দিআকা, দিআ, দারু, মরদ, গিদঅ্র, পদ্, নদ্, দোআই, গুদ্মা”, প্রভৃতি শব্দগুচ্ছ আদি, মধ্য ও অন্ত্যে অল্পপ্রাণ দন্ত্য দ-ব্যঞ্জনধ্বনি অঘোষবৎ হয়ে অল্পপ্রাণ অঘোষ ত-ব্যঞ্জনধ্বনিতে পরিণত হয়ে স২-এ বোলছে, “তিআকা, তিআ, তারু, মরত্, গিত্অর্, পত্, নত্, তোআই, গুত্মা”।

অ২-এর, “তাকত্, বিন্তি, দওআত্, মত্, দেহাত্, গোত্নি, চিত্অল্, তিরত্, তুরনত্, চিত্হনা”, শব্দগুচ্ছ ঘোষীভবন প্রক্রিয়ায় ত-ধ্বনি দ-ধ্বনিতে রূপান্তরিত হয়ে স২-এ বোলছে, “তাকদ্, বিন্দি, দওআদ্, মদ্, দেহাদ্, গোদ্নি, চিদ্অল্, তিরদ্, তুরনদ্, চিদ্হনা’। অ২-দের মুখে, “কেকর্, নেনুআ, চট্টানি, লিট্টি, মিট্টি, ভুট্টা, হেলল্, চদ্দর, তিত্, রোস্গদ্দি,

কক্‌রি, তাতল্‌, চক্‌কর," শব্দগুচ্ছে সমধ্বনির একটি লোপ পেয়ে বিষমীভূত হচ্ছে স^{২}-এ, "কেগর্‌, লেনুআ, চত্‌টানি, লিত্‌টি, মিস্‌টি, ভুত্‌টা, হেলর্‌, চত্‌দর্‌, তির্‌, রোস্‌গত্‌দি, কগ্‌রি, তাটল, চকগর"। অ^{২}-দের, "দুধরা, দুধিআ, গিদ্‌ধ, গকরা, লুচ্ছা," প্রভৃতি শব্দগুচ্ছ দুটি বিষম ব্যঞ্জনধ্বনি সমরূপত্ব লাভ করে সমীভূত হচ্ছে স^{২}-দের মুখে আর বলে, "দুদ্‌রা, দুদিআ, গিদ্‌দ, গগরা, লুচ্চা,"। অ^{২}-দের মুখে "ছানোটা, টম্‌টম্‌, বটইআ, চোট্‌ইল্‌, গিরমিটিআ, চোটাহা, চেটে, মোট্‌, কুট্‌নি," শব্দগুচ্ছে অঘোষ অল্পপ্রাণ স্পৃষ্ট মূর্ধন্য ট-ধ্বনি অল্পপ্রাণ অঘোষ দন্ত্য ত-ধ্বনিতে এসে স^{২} দেরকে বলতে শুনি, "ছানোতা, তমতম্‌, বত্‌ইআ, চোত্‌ইল্‌, গির্‌মিতিআ, চোতাহা, চেতে, মোত্‌, কুত্‌নি"। অ^{২}-দের মুখের কথ, "ছেমি, গাছ, বছরা, মচ্ছর, ছিটকিলি, ছিনার, ছিকা," প্রভৃতি শব্দগুচ্ছ অঘোষ তালব্য মহাপ্রাণ ঘৃষ্ট ছ-ব্যঞ্জন ধ্বনি অনেক সময় মৃদু শিসধ্বনি স-ধ্বনিতে এসে স^{২}-এর বুলি হয়ে যায়, "সেমি, গাস, বসরা, মচ্‌সর্‌, সিটকিলি, সিনার, সিকা"। অ^{২}-দের মুখের বুলি, "চম্‌মচ, পক্কা, কচ্চা, চট্‌টাই, আস্‌রাস, দুক্‌কান্‌, মুন্‌নাফা" প্রভৃতি শব্দগুচ্ছ সন্নিকৃষ্ট সমযুগ্ম ব্যঞ্জনধ্বনির একটি লোপ পেয়ে যায় প্রায়শই আর বলে স^{২}-তে, "চ'মচ, প'কা, ক'চা, চ'টাই, আ'রাস, দু'কান, মু'নাফা"। অ^{২}-দের "অকেলা, অওস্‌তা, অওসান্‌, অতনা, অস্‌লি, অজাদ্‌, অলস্‌, অরাম্‌, অপদ্‌, অর্‌দালি, অদালত্‌, অওয়াজ্‌," প্রভৃতি শব্দগুচ্ছে পদাদিতে অল্পপ্রাণ কণ্ঠ্য অ-স্বর ধ্বনি কণ্ঠ্য আ-স্বরধ্বনি হয়ে যাচ্ছে স^{২}-দের মুখে মুখে, "আকেলা, আওস্‌তা, আওসান, আত্‌না, আস্‌লি, আজাদ্‌, আলস্‌, আরাম্‌, আপদ্‌, আর্‌দালি, আদালত্‌, আওআজ,"।

আমরা পঁয়তাল্লিশ থেকে পঞ্চাশের মধ্যে নিরক্ষর বাচক গোষ্ঠীর মুখের কথিত ভাষা সংগ্রহ করতে অচল ও সচল ভেদে দুটি ভাগে ভাগ করেছি। নিরক্ষর বাচক গোষ্ঠীদের নিয়ে ঔপভাষিক মিশ্রণের সমীক্ষায় এগোব। এই বয়সের ভোজপুরী ভাষাভাষী বাচক গোষ্ঠীর কথ্যভাষায় এখানকার পূর্বরাঢ়ীর সর্বজন চলিত কথ্যভাষার ছাপ পড়েছে। এদের মৌখিক কথ্য পঁচাত্তর জন করে সদস্যদের মুখের কথ্য ভাষা নিয়ে সমীক্ষা করলাম অচল ও সচল ভেদে। এঁদের মৌখিক ভাষার পশ্চিমবঙ্গীয় পূর্বরাঢ়ীর উপভাষার প্রভাবের ক্রমিক বৃদ্ধির মাত্রা নিরুপণে সমীক্ষা চালাব। অচল ও সচল ভেদে অচল ও সচলদের 'অ^{৩}' এবং 'স^{৩}' রূপে সংক্ষেপে লিখলাম।

অ^{৩}-বাচকগোষ্ঠীর মুখের কথায়, "কমর্‌, মর্‌অই, পত্‌ই, অইনক্‌, পঅজ্‌নি, ধনুস্‌, ধইল্‌, অলুই, বর্‌, ভগিনা, ভগিনি, করেজা, পতোহ্‌, ভঁদই," প্রভৃতি শব্দগুচ্ছের পদাদি পদমধ্যস্থ ও পদান্ত্যে কণ্ঠ্য অ-স্বরধ্বনি কণ্ঠ্যৌষ্ঠ্য ও-স্বরধ্বনিতে এসে স^{৩}-দের মুখের বুলি হয়ে যাচ্ছে, "কোমোর্‌, মোরওই, পতোই, ওইনক্‌, পোওজনি, ধোনুস্‌, ধোইল, ওলুই, বোর্‌, ভোগিনা, ভোগিনি, কোরেজা, পোতোহ্‌, ভঁওদোই,"। অ^{৩}-দের, "ওখলি, ওল্‌তি, চোওরাসি, গির্‌আও, তিওর্‌, সওগনদ, গোনডি, গিরহিও, ওউর, লওউকা," প্রভৃতি শব্দগুচ্ছ শব্দাদ্যে, পদমধ্যে ও পদান্ত্যে কণ্ঠ্য অ-স্বরধ্বনি কণ্ঠৌষ্ঠ্য ও-স্বরধ্বনিতে এসে স^{৩}-দের বোলছে, "অখলি, অল্‌তি, চোঅরাসি, গির্‌আও, তিওর্‌, সওগনদ, গোনডি, গিরহিও, ওউর, লওউকা," প্রভৃতি শব্দগুচ্ছ শব্দাদ্যে, পদমধ্যে ও পদান্ত্যে কণ্ঠ্য অ-স্বরধ্বনি কণ্ঠৌষ্ঠ্য ও-স্বরধ্বনিতে এসে স^{৩}-দের বোলছে, "অখলি, অল্‌তি, চোঅরাসি, গির্‌আঅ্‌, তিঅর্‌, সঅগনদ্‌, গন্‌ডি, গির্‌হিঅ্‌, অউর্‌, লঅ্‌উকা,"। অ^{৩}-দের মুখের, "চাউর, সুরুজ, বালু, নেউকর, ঘিউ, লউকি, অউর্‌, উনেউনে, উলিচ্‌না, উলট্‌ফের, দুনিআ, তুরাহা, মুলা, বুকু," প্রভৃতি শব্দগুচ্ছে পদাদি, মধ্য ও অন্ত্যে কণ্ঠৌষ্ঠ্য ও-স্বরধ্বনি ওষ্ঠা উ-স্বরধ্বনিতে এসে স^{৩}-এ বলছে, "চাওর্‌, সোরোজ, বালো, নওকর্‌, ঘিও, লওকি, অওর্‌, ওনেওনে, ওলিচ্‌না, ওলট্‌ফের্‌, দোনিআ, তোরাহা, মোলা, বোকো"। অ^{৩}-দের, "ছও্‌, ওকিল্‌, ওসারা, চোওকা, ওল্‌হনা, " শব্দগুলোতে কণ্ঠৌষ্ঠ্য ও-ধ্বনি ওষ্ঠ্য উ-স্বরধ্বনিতে হয়ে উঠেছে স^{৩}-দের মুখে, "ছউ, উকিল্‌, উসারা, চোউকা, উল্‌হনা,"। অ^{৩}-এর মুখে মুখে উচ্চারিত শব্দগুচ্ছ, "লইকা, বগইচা, ইনার, দাই, মইলা, ইনচ্‌, চিমর্‌, সিরি, চিলর, জিন্‌, দিসর্‌, তিজ্‌," পদাদি, পদমধ্যস্থ এবং শব্দান্ত্যে তালব্য ই-স্বরধ্বনি সংবৃত কণ্ঠ্য তালব্য এ-স্বরধ্বনিতে পরিবর্তিত হয়ে স^{৩}-দের বুলি হচ্ছে, "লএকা, বগ্‌এচা, এনার্‌, দাত্তু, ,মএলা, এনচ্‌, চেমর্‌, সিরে, চেলর্‌, জেন্‌, দেসর, তেজ্‌"।

অ^{৩}-দের মুখের কথায়, "এক্‌রা, বএল্‌, বেনা, সেম্‌, গেরেস্‌, এগাঅন্‌, এগাবিআ, ইসলি্এ, এগাল্‌রে, এতান্‌রে," শব্দগুচ্ছে পদাদি, পদমধ্য ও পদান্ত্যে সংবৃত কণ্ঠ্য তালব্য এ-স্বরধ্বনি তালব্য ই-স্বরধ্বনিকে জায়গা ছেড়ে দিয়ে স^{৩}-এর কথা হয়ে যায়, "ইক্‌রা, বইল্‌, বিনা, সিম্‌, গিরেস্‌, ইগাঅন্‌, ইগাবিআ, ইসলিই, ইগালরে, ইতান্‌রে," অ^{৩}-দের মুখে, "বনিআ, আন্‌ডা, খাজা, ভেরিআ, অন্‌দার্‌," শব্দগুচ্ছে শব্দাদ্য, শব্দমধ্য ও শব্দান্ত্যে কণ্ঠ্য আ-স্বরধ্বনি কণ্ঠ্যতালব্য সংবৃত এ-স্বরধ্বনিতে এসে স^{৩}-এ বোলছে, "বনিএ, এন্‌ডা, খেজা, ভেরিএ, অন্‌দের্‌"। অ^{৩}-দের মুখে, "পাঁকি, বাঁর, পাঁআচ্‌, তাঁলাও, গাঁও, সঁউতান্‌, ভঁইস, আঁখ, পাঁহুন, কাঁচ্চা, কেঁরা," শব্দগুচ্ছে ঘোষবৎ অল্পপ্রাণ অনুনাসিক 'ঁ' ব্যঞ্জনধ্বনি স্বাভাবিকভাবে লোপ পেয়ে যায় স^{৩}-এ আর বলে, "পাক, বার, পাআচ্‌, তালো, গাও্‌, সউতান, ভইস্‌, আখ্‌, পহুন্‌, কাচ্চা, কেরা"। অ^{৩}-দের "বহুরানি, মেহরারু, জোন্‌হি, বিহউতা, আন্‌হি, মুহ্‌, আন্‌হর্‌, হাঅ্‌, ওহাদিন্‌, বিহানে, দুল্‌হা, হরওআহা", শব্দগুচ্ছ কণ্ঠ্যনালীয়

আকুঞ্চনের ফলে স°-এ বলে ফেলে, "বউরানি, মেএরারু, জোন্ই, বিঅউতা, আন্ই, মুঅ, আন্অর্, আঅ, ওঅ্দিন্, বিআনে, দুল্আ, অর্ওআআ"। অ°-দের মুখের বুলি, "নাআলা, মগ্অর্, মগ্ই, আনি, পোরিছাওন, সিল্আ, অমান্, টঅ্গনা," প্রভৃতি শব্দগুচ্ছ প্রায়ই কণ্ঠ্যনালীয় স্পর্শ অ-স্বরধ্বনি উষ্ম ঘোষবৎ মহাপ্রাণ ধ্বনির প্রাণ হ-ব্যঞ্জনধ্বনির স্থান করে দিয়ে স°-এ বোলছে, "নাহালা, মগ্হর্, মগ্হি, হানি, পোরিছাহোন্, সিল্হা, হমান্, টহগ্না"। অ°-দের মুখের বুলি, "বোখার্, ঠান্ডা, কভিও, কভুও, ঠেহুনা, ঠেকা, ভুখাই, ঢোওঅল, ঠেকুআ, সিঝল্, ঠোক্র, ভোখর, ভিনসার্," শব্দগুচ্ছে অল্পপ্রাণিত হচ্ছে স°-দের মুখে, "বোকার্, টান্ডা, কবিও, কবুও, টেউনা, টেকা, বুকাই, ডোওঅল্, টেকুআ, সিজল্, টোকর্, বোথর্, বিন্সার্"।

অ°-দের মুখে "ফেক্তে, লোক্, নিমক্, তাক্না, অপেক্সা, ইক্নাম্, এক্টক্, ইক্তা, এক্ই," শব্দগুচ্ছে জিহ্বামূলীয় অঘোষ অল্পপ্রাণ ক-ব্যঞ্জনধ্বনি শব্দাদ্যে, শব্দমধ্যস্থ ও শব্দান্ত্যে ঘোষীভবন হয়ে ঠেলে দিয়ে দিচ্ছে অল্পপ্রাণ ঘোষ গ-ব্যঞ্জনধ্বনি তাতে স°-বোলছে, "ফেগ্তে, লোগ্, নিমগ্, তাগ্না, অপেগ্সা, ইগ্নাম্, এগ্টগ্, ইগ্তা, এগ্ই,"। অ°-দের কথ্য ভাষা, "দাগই, আগএ, আগ্ইনি, ওগ্না, খতর্নাগ, লগহরগাই, বাইগম্, গোভি, গোর, আগউআ, আগ্রি," শব্দগুচ্ছে সঘোষ কণ্ঠ্য অল্পপ্রাণ গ-ব্যঞ্জনধ্বনি অঘোষ কণ্ঠ্য অল্পপ্রাণ ক-স্পর্শ ব্যঞ্জনধ্বনিতে এসে স°-এর বুলি হল, "দাক্ই, আক্এ, আক্ইনি, ওক্না, খতর্নাক্, লক্হরগাই, বাইকন্, কোভি, কোর্, আক্উআ, আক্রি"। অ°-এর কথিত শব্দ, "গেরেপ্তার, দুপ্অহরিআ, সপ্না, সিপাহি, আপন্, কপাস্অ, সিরপ্, অপ্অগননা," প্রভৃতি শব্দগুচ্ছে অল্পপ্রাণ ওষ্ঠ্য প-ব্যঞ্জনধ্বনি ঘোষবৎ হয়ে অল্পপ্রাণ দন্তোষ্ঠ্য অন্তঃস্থ ব-ব্যঞ্জনধ্বনিতে এসে স°-এর বুলি হচ্ছে গিয়ে, "গেরেব্তার, দুব্অহরিআ, সব্না, সিবাহি, আব্না, কবাস্অ, সিরব্, অব্অগননা"। অ°-দের বুলি, "কহব্, সব্ওউর, অব্বর্, নাব্, ওব্কা," শব্দগুচ্ছে ব-ধ্বনি প্রায়ই প-ধ্বনি হয়ে যায়, স°-এ "কইপ্, সপ্ওউর্, অপ্পর্, নাপ্, ওপ্কা"। অ°-দের, "নাদ্, নজ্দিকে, নত্, তোরন্দ, নাদ্অ, বিচ্নি," 'ন' ও 'ল' এর বিপর্যয় দেখি স°-এ, "লাদ্, লজদিকে, লত, তোরল্দ, লাদ্অ, বিচলি"। অ°-দের, "লাইকা, লাল্টেন্, লোহার্, নিখল্, মছুলি, ইস্লিএ, মরগিলুআ, সোর্লা," শব্দতে 'ল' ও 'ন' চাঞ্চল্য শুনি স°-এ, "নইকা, নান্টেন্, নোহার্, নিখন্, মছুনি, ইস্নিএ মর্গিনুআ, সোর্না"। অ°-এর, "নারিঅর্, সিআর্, বিরইনি, কুর্নি, সর্নি, মর্লহা, মার্লি," শব্দগুচ্ছে অর্ধব্যঞ্জন ধ্বনিগুলির পারস্পরিক পরিবর্তন ঘটতে শুনেছি স°-এ, "নারিঅল্, সিআল্, বিল্ইনি, কুল্নি, সল্নি, মল্লহা, মাল্লি"। অ°-দের, "নগদ্, কদ্মা, সদ্আবাহার, খদ্অর্, বদ্অন্, দাল্, দেব্, দোআহ্," শব্দতে শব্দাদি ও পদমধ্যস্থ অল্পপ্রাণ দ-ধ্বনি অঘোবৎ হয়ে ত-ধ্বনিতে এসে স°-দের বলে, "নগত্, কতমা, সত্আবাহার, খত্অর্, বত্অন্, তাল্, তেব্, তোআহ্"। অ°-দের, "মোস্মাত্, তুনক্, নত্কোর্, মাতল্, মাতারি, ভুত্, তর্হি," ত-ধ্বনি ঘোষীভূত হচ্ছে দ-ধ্বনিতে আর বলে, "মোস্মাদ্, দুনক্, নদ্কোর, মাদল, মাদারি, ভুদ্, দরহি"। অ°-দের, "গুল্লিডানডা, কবাড্ডি, কচ্চু, গগরি, উল্লু, কক্রি, তাতল্, চোট্টা, দম্মা, টোট্কা, এক্কা, একন্নি," শব্দগুচ্ছে বিষমীভূত হচ্ছে স[২]-এ আর বলছে, গুন্লিডানডা, কবার্ডি, কর্সু, গক্রি, উনলু, কগরি, তাদল্, চোতটা, দর্মা, তোট্কা, এগ্কা, একন্লি"।

অ°-দের, "সর্কা, গার্দারি, লোর্কোনি, বাপ্, তোহর্, ইঠ্লানা, লোন্হর্, লন্হা", শব্দগুচ্ছে সমীভূত হচ্ছে স°-দের মুখের কথায়, "সক্কা, গাদ্দারি, লোর্কোরি, বাব্, তোতর্, ইট্নানা, নোন্হর্, নন্হা"। অ°-দের, "চোট্ইল, মট্কোর, পটুআ, লনগোটা, টখ্না, চটক্, টুকরো," শব্দতে মূর্ধন্য ট-ধ্বনি দন্ত্য ত-ধ্বনিতে এসে স°-এ বলে, "চোত্ইল, মত্কোর্, পতুআ, লন্গোতা, তখ্না, চতক্,,তুকরা"। অ°-এর, "ছাতি, মছরি, বাছরু, বাছি, ছক্কা, ছক্রা, ছকনা", শব্দগুচ্ছে ঘৃষ্ট ছ-ধ্বনি মৃদু শিসধ্বনি স-ধ্বনিতে এসে স°-এ বলে, "সাতি, মস্রি, বাসরু, বাসি, সক্কা, সক্রা, সক্না"। অ°-দের, 'খত্রা, কত্না, তাঁগা, পাতুরিআ, ধতুরা, নত্নি, লত্, ছোত্কি," শব্দগুচ্ছে অঘোষ দন্ত্য স্পর্শ ত-ব্যঞ্জনধ্বনি স্বতোমূর্ধন্যীভবনের ফলে মূর্ধন্য স্পর্শ ট-ধ্বনিতে এসে স°-এ বলছে, "খট্রা, কট্না, টাগা, পাটুরিআ, ধটুরা, নট্নি, লট্, ছোট্কি"। অ°-দের কথ্য ভাষায়, "লুংগি, লাহাংগা, লংগুর, লংগোটিআ, গুংগা, পংডুক, লাংগর" শব্দগুচ্ছে অঘোষ মহাপ্রাণ অনুনাসিক অযোগবাহ ং-ব্যঞ্জনধ্বনি স্বাভাবিকভাবেই নাসিক্য ন-ব্যঞ্জনধ্বনিতে বোলতে শুনেছি, "লুন্গি, লাহান্গা, লন্গুর, লন্গোটিআ, গুন্গা, পন্ডুক, লান্গর"। অ°-দের, "বরান্ডা, মিটর্, চউখট্, ঠন্ডা, ঢক্না, পকানা, হজার্, ঝন্ডা, অস্লি, অথ্রা, অওসর্," শব্দেতে কণ্ঠ্যনালীয় অ-ধ্বনি হয় স°-এ, "বারান্দা, মিটার, চউখাট্, ঠান্ডা, ঢাক্না, পাকানা, হাজার্, ঝান্ডা, আস্লি, আথ্রা, আওসর্"।

এখন আমরা পঁয়তাল্লিশ থেকে পঞ্চান্ন বয়সের সাক্ষর বাচকগোষ্ঠীর মুখের কথ্য ভাষায় পূর্বরাঢ়ীর উপভাষায় প্রভাবের ক্রমিক বৃদ্ধির মাত্রা নিরুপণে অচল ও সচল ভেদে 'অ[৪]' এবং 'স[৪]' রূপে সংক্ষেপে লিখলাম, এবার ভোজপুরী ভাষাভাষী সদস্যদের মৌখিক কথিত উপভাষার পরিবর্তন বিশেষভাবে লক্ষণীয়। পূর্বরাঢ়ীর ছাপ যথেষ্ট বর্তমান। প্রায় তিরিশ শতাংশ থেকে চল্লিশ শতাংশ। নিম্নের শব্দগুচ্ছে তার প্রমাণ পাওয়া যাবে।

অ^{8} বাচক গোষ্ঠীর মুখের কথ্যভাষায়, "মঅ্কা, অপ্না, কইল্, কোঅইলা, পন্ডিজি, সঅর্দি, গল্তি, পর্মান্, সুঅর্, অরহ্র, সরস্, সন্ই, গির্অহ্, জিঅ্রা, অউকাত্, দঅলত্," প্রভৃতি শব্দগুচ্ছ আদি, মধ্য ও অন্ত্যে কণ্ঠ্য অ-ধ্বনি কণ্ঠৌষ্ঠ্য ও-স্বরধ্বনিতে পরিণত হচ্ছে স^{8}-দের মুখের ভাষায় আর বোলছে, "মওকা, ওপ্না, কোইল্, কোওইলা, পোন্ডিজি, সওর্দি, গোল্তি, পোর্মান্, সুওর, ওরহ্র, সরোস্, সোন্ই, গির্ওহ্, জিওরা, ওউকাত্, দওলত্"। অ^{8}-দের উচ্চারিত শব্দ, "পাওর্, মনওতি, কোদার্, চোখা, মতকোর্, ওব্সি, ওঠ্না, ওর্ন, ওরাহ, হর্দোম্, ডোগ্রি", শব্দগুচ্ছে ও-ধ্বনি অ-ধ্বনিতে এসে বলছে স^{8}-এ "পাঅর্, মনোঅতি, কদার্, চখা, মত্কর্, অব্সি, অঠ্না, অরাহা, হরদম্, ডগ্রি"। অ^{8}-দের মুখের, "নাউ, গুরুজি, বিসউআস্, উসুল্, পুরান, উদিন্, সউগাদ্, দুয়ার্, হুলস্, চুত্কি", শব্দগুচ্ছের উ-স্বরধ্বনি ও-স্বরধ্বনি হয়ে যায় স^{8}-দের, "নাও, গুরোজি, বিসওআস, ওসুল্, পোরানা, ওদিন্, সওগাদ্, দোআর্, হোলস্, চোত্কি"। অ^{8}-দের মুখের কথা, "মারো, বাসওআরি, মোরি, নও, দিওরি, জোল্না, ওঅনা, ওত্ন, ওর্না, ওচট্না, চোটাহা", শব্দতে কণ্ঠৌষ্ঠ্য ও-ধ্বনি ওষ্ঠ্য উ-ধ্বনিকে ছেড়ে দিচ্ছে স^{8}-দের কথায়, "মারু, বাসউআরি, মুরি, নউ, দিউরি, জুল্না, উঅ্না, উর্না, উচট্না, চুটাহা"। অ^{8}-দের মুখে, "ইম্লি, গিলাস্, জির, আদ্ই, ইকাওন্, ইগ্রিআ, নিমান্, তিনক্অরো, কির্নারি", শব্দগুচ্ছে তালব্য ই-স্বরধ্বনি কণ্ঠতালব্য এ-ধ্বনিতে এসে যায় স^{8}-এতে, "এম্লি, গেলাস্, জেরা, আদ্এ একাওন্, এগ্রিআ, নেমান্, তেনক্অরো, কের্নারি"। অ^{8}-দের, "মের্, চেলি, জেবস্, সেম্, ইস্লিএ, এন্র্, এজ্গার্, এত, নেমে, এবাদা, এলাচি," শব্দগুচ্ছে এ-ধ্বনি ই-ধ্বনিতে এসে স^{8}-এ বোলছে, "মির্, চিলি, জিবস্, সিম্, ইস্লিই, ইন্র্, ইজ্গার্, ইত্নেমে, ইবাদা, ইলাচি"।

অ^{8}-দের, "বানাইএ, খাইল্, আইল্, গন্দা, আখির্, তালিম্, আগন্, আচল্, আগত্, আম্লা, আসোদ্, হিসাব্, ছেনা," শব্দগুচ্ছে কণ্ঠ্য আ-ধ্বনি কণ্ঠ্যতালব্য এ-ধ্বনি হয়ে যায় স^{8}-দের বেলায় আর বলে ওঠে, "বানেইএ, খেইল্, এইল্, জেইল্, গন্দে, এখির্, তেলিম, এগন্, এচল্, এগত্, এম্লা, এসোদ্, হিসেব্, ছেনে"। অ^{8}-দের বুলি, "হাঁরিআ, চুঁহা, জোঁক, ভোঁতরা, কাঁহা, চিউঁটি, কেচুঁআ, খাঁসি, ভেঁট, হাসুআ, ইঁহা," শব্দগুচ্ছে ঘোষবৎ অল্পপ্রাণ অনুনাসিক ব্যঞ্জনধ্বনি লোপ পায় স^{8}-দের বেলায় আর বলে, "হারিআ, চুহা, জোক্, ভোত্রা, কাহা, চিউটি, কেচুআ, খাসি, ভেট্, হাসুআ, ইহা"। অ^{8}-দের মুখে "বাহিনা, নাহাইল, পর্হল্, খালিহান্, দেহল, সাহু, দিহল্, সিআহি, ইন্তিহান্, কুল্হারি, হার্," শব্দগুচ্ছে প্রবল শ্বাসাঘাত হেতু কণ্ঠ্যনালীয় উষ্ম ঘোষবৎ হ-ধ্বনি দুর্বল হয়ে যাচ্ছে স^{8}-এ "বাইনা, নাআইল্, পর্অল্, খালিআন্, দেঅল্, সাউ, দিঅল্, সিআই, ইন্তিআন্, কুল্আরি, আর্"। অ^{8}-এর, "কুআর, সতুআন্, সতোআ, অমরা, আলুই, পতোঅ, বিআনিআ, অকেলা", শব্দগুচ্ছে কণ্ঠ্যনালীয় স্পর্শ অ-ধ্বনি কণ্ঠ্যনালীয় উষ্ম ঘোষবৎ মহাপ্রাণ ধ্বনির প্রাণ হ-কার ধ্বনিকে জায়গা করে দেয় স^{8}-এ, "কুহার, সতুহান্, সতোহা, হমরা, হালুই, পত্যেহ্, বিহানিকা, হকেলা"। অ^{8}-দের, "খুরপি, কভিকভি, কাথিকে, খুটস, ঝুম্কা, নাথিআ, ঢোরা, কুঠ্রি, সমধি, চোখা, ঢিভ্রি, ভাপ", শব্দগুচ্ছ অল্পপ্রাণিত হয়ে যায় স্বাভাবিকভাবেই স^{8}-এ, "কুর্পি, কবিকবি, কাতিকে, কুটস্, জুম্কা, নাতিআ, ডোরা, কুট্রি; সম্দি, চোকা, ডিব্রি, বাপ্"। অ^{8}-দের, "বক্রি, মক্রা, বুন্কর, ছিক্, মোকা, পাকল্, নক্সা, টোক্রি, বক্রি, মকরি, পাচক্, ডরপোক্, সগ্দিক্, মেঢক্, আরোক্", শব্দগুচ্ছ ঘোষীভূত হচ্ছে স^{8}-এ, "বগ্রি, মগ্রা, বুন্গর, ছিগ্ মোগা, পাগল্ নগ্সা, টগ্রি, বগ্রি, মগ্রি, পাচগ্, ডরপোগ্, নগ্দিগ্, মেঢগ্, আরোগ্"।

অ^{8}-দের, "মগর্মাছ্, বগউলা, বগান্, উংগা, দিমাগ্, দাগ্ই, এগ্তা, দমাগ্", শব্দগুচ্ছে অঘোষীভূত হয়ে যায় স^{8}-এ, "মকর্মাছ, বক্উলা, বকান্, উংকা, দিমাক্, জুকনু, কাগ্ই, এক্তা, দমাক্"। অ^{8}-দের, "ক্রা, উপ্কারি, অপ্কারি, অপ্না, অপ্রাপর্, বাপ্, ছপ্রা", শব্দগুচ্ছ প-ধ্বনি ঘোষীভূত হয়ে যায় ব-ধ্বনিতে স^{8}-এ, "কব্রা, উব্কারি, অব্কারি, অব্না, অব্রাপর্, বাব্, ছব্রা"। অ^{8}-দের, "সাব্, কাব্, তাব্, জাব্, কোসাব্, দুর্বহিন", শব্দগুচ্ছ ব-ধ্বনি অঘোষীভূত হয়ে প-ধ্বনি হয় স^{8}-এ, "সাপ্, কাপ্, তাপ্, জাপ্, কোসাপ্, জপ্রা, দুর্পহিন্"। অ^{8}-দের, "সওনি, ওনহি, মগ্না, সিন্বা, ছিট্কেনি, তিন্কা, সান্, এন্জিন্", শব্দগুচ্ছ 'ন' ও 'ল' এর চাঞ্চল্য শুনি স৪-এ, "সওলি, ওল্হি, মগ্লা, সিল্বা, ছিটকেলি, তিল্কা, সাল্, এন্জিল্"। অ^{8}-দের, "লইকি, সুখল্, নাচল্, ধোঅল্, পিঅল্, লেহল্, খানাবানাওলা, আওঅল্, পহল্", শব্দগুচ্ছে 'ল' ও 'ন'ন এর বিপর্যয় দেখি স^{8}-এ, "নইকি, সুখন্, নাচন্, ধোঅন্, পিঅন্, লেহন্, খানাবানাওন্, আওঅন্, পহন্"। অ^{8}-এর, "কুদার্, পাতর্, অর্সনা, অর্গলা, অর্সা, বহর্না", শব্দগুছ অর্ধব্যঞ্জন ধ্বনিগুলির পারস্পরিক পরিবর্তন ঘটিয়ে স^{8}-ও বোলছে, "কুদাল্, পাতল্, অল্সনা, অল্গলা, অল্সা, বহল্না"। অ^{8}-দের, "চন্দর্, আদ্মি, দুলারি, দিওর্, বরদ্, চদ্রা, বদ্মাস, সুফিদ্, মস্জিদ্, ইবাদ্আ", শব্দগুচ্ছে অঘোষীভূত হয়ে স^{8}-এ, "চন্তর্, আত্মি, তুলারি, তিওর্, বরত্, চত্রা, বত্মাস, সুফিত্, মসজিত্, ইবাত্আ"। অ^{8}-দের, "পাতই, তুনক্, এত্ওআর্, এত্না, বহোত্, ছত্, এমারত্, দামাত্, সওআত্, ছত্রি, বদ্সুরত্", প্রভৃতি শব্দগুলি ঘোষীভূত হচ্ছে স^{8}-এ, "পাদ্ই, দুনক্, এদ্ওআর্, এদ্না, বহোদ্, ছদ্, এমারদ্, দামাদ্, সওআদ্, ছদ্রি, বদ্সুরদ্"।

অ^{8}-দের, "ঘুঘঘু, গগ্‌রা, তিত্‌লি, বিছ্ছু, ভট্‌টি, পুন্‌নি, তিত্‌, বোলল্‌, কলকততা", শব্দগুচ্ছ বিষমীভূত হচ্ছে স^{8}-এ, "ঘুগঘু, গক্‌রা, তিদ্‌লি, বিসছু, ভট্‌তি, পুর্‌নি, তিট্‌, বোলন্‌, কলকদ্‌তা"। অ৪-দের, "বিসকুট্‌, পটর্‌, কোটোরি, টাক্‌উআ, টন্‌টন্‌, চটক্‌, চট্‌নি, পেট্‌, কোট্‌, চিম্‌টা, ছুট্‌কা", শব্দে অঘোষীভূত হচ্ছে স^{8}-এ, বিস্কুত্‌, পতর্‌, কাতোরি, তাক্‌উআ, তন্‌তন্‌, চতক্‌, চত্‌নি, পেত্‌, কোত্‌, চিম্‌তা, ছূতকা"। অ^{8}-দের, "কুল্‌ছনি, লাল্‌ছনা, খিছ্‌রি, বাছআ, লাল্‌ছাল্‌," শব্দগুচ্ছ, ঘৃষ্ট্য ছ-ধ্বনি অনেক সময় মৃদু শিষধ্বনি হয়ে অ^{8}-এ বোলে, "কুল্‌সনি, লাল্‌সনা, খিস্‌রি, বাসা, লাল্‌সাল্‌"। অ^{8}-এর, "অংধা, হংডিআ, অংগুঠি, লংগোটি, পংডুক্‌, পংজা," শব্দগুচ্ছ অনুনাসিক ং-ধ্বনি মহাপ্রাণ নাসিক্য ন-ধ্বনিতে এসে বলে স^{8}-এ, "অন্‌ধা, হন্‌ডিআ, অন্‌গুঠি, লন্‌গোঠি, পন্‌ডুক্‌, পন্‌জা"। অ^{8}-দের, "তকিআ, লগা, অনার্‌, অনাজ্‌, চেহ্‌র, হড্‌ডি, হল্‌কা, অনারস্‌, পত্‌লা", শব্দগুচ্ছে পদ্দি মধ্য ও অন্ত্যে ঘোষীভূত হচ্ছে স^{8}-এ, "তাকিআ, লাগা, আনার্‌, আনাজ্‌, চেহারা, হাড্‌ডি, হাল্‌কা, আনারস্‌, পাত্‌লা"। অ^{8}-দের মুখের কথা, "ক্যা, ম্যাস্‌, গিরজ্যা, অম্যানৎ, শব্দগুচ্ছ বিবৃত এ-ধ্বনি কণ্ঠ্য আ-ধ্বনি হচ্ছে স^{8}-এ, "কা, মাস্‌, গির্‌জা, অমানত্‌," অ^{8}-দের, "মোটা, লম্‌বোদর্‌, পিলো, বর্‌বোল্‌, জিম্‌বো, কাচো", শব্দগুচ্ছে কণ্ঠৌষ্ঠ্য ও-ধ্বনি কণ্ঠ্য আ-ধ্বনি হয়ে যায় স^{8}-এ, "মাটা, লম্‌বাদর, পিলা, বর্‌বাল্‌, জিম্‌বা, কাচা"।

চল্লিশ অনূর্ধ্ব বয়সের বাচক গোষ্ঠীদের ক্ষেত্রে সাক্ষর নিরক্ষর সচল ও অচল সম্প্রদায়ের বাচক গোষ্ঠীদের বোঝানো হচ্ছে। এরা এখানকার নূতন প্রজন্মের বাচকগোষ্ঠী। সেকারণ এখানকার আবহাওয়া ও ভৌগোলিক পরিবেশের মধ্যেই এদের বেড়ে ওঠা, কথা বলা আর রাঢ়ীয় উপভাষায় উচ্চারণের ঢঙে অভ্যস্থ হওয়া বিশেষ বৈশিষ্ঠ্য। এখানকার কথিত ভাষা এদের মুখে মুখে চলে এসেছে এবং অত্যন্ত সতর্কতার সঙ্গে স্থানীয় কথ্য মৌখিক ভাষাকে রপ্ত করে ফেলেছে। নিরক্ষর অচল ও সচল কে 'অ$^{ে}$' ও 'স$^{ে}$' এবং সাক্ষর অচল ও সচল কে 'অ$^{ঁ}$' এবং 'স$^{ঁ}$' রূপে চিহ্নিত করা হোল। নিরক্ষর সাক্ষর 'অ$^{ে}$, ও স$^{ে}$, অ$^{ঁ}$ ও স$^{ঁ}$ ভেদাভেদ নির্ণয় করা খুবই কঠিন ব্যাপার, রাঢ়ীয় উপভাষায় স্বরধ্বনি চাঞ্চল্য ও স্বরসঙ্গতির প্রভাব এই চল্লিশ অনূর্ধ্বরা অনায়াসেই কলকাতা এবং পূর্বরাঢ়ীয় কথিত উপভাষা প্রভাবিত চলিত বাঙলার ঢঙে স্বাভাবিক ভাবে অভ্যস্থ হয়ে পড়েছে। চল্লিশ অনূর্ধ্বদের ষাট জন করে ভোজপুরী ভাষাভাষী সদস্যদের মুখের কথ্যভাষা নিয়ে সমীক্ষায় এগোলাম।

(অ$^{ে}$ ও অ$^{ঁ}$) দের মৌখিক কথ্য ভাষায়, "অখ্‌বার্‌, মজা, গর্‌মি, পরেসন্‌, মন্‌, অইসন্‌ অগর্‌, নজর্‌, জমানা, কসম্‌, নিঅন্‌, ইউনিঅন্‌, অরে, অওর", প্রভৃতি শব্দগুচ্ছ কণ্ঠ্যনালীয় স্পর্শ অ-স্বরধ্বনি কণ্ঠৌষ্ঠ্য ও স্বরধ্বনিতে এসে (স$^{ে}$ ও স$^{ঁ}$) তে বলছে, "ওখবার, মোজা, গোরমি, পরেসোন্‌, মোন, ওইসন্‌, ও গোর্‌, নজোর্‌, জোমানা, কসোম্‌, নিওন্‌, ইউনিওন্‌, ওরে, ওউর্‌"। (অ$^{ে}$ ও অ$^{ঁ}$) দের, "কল্‌কাতা, রেডিও, লগাওত্‌, খোল্‌, ওআরিস্‌, ঘোন্‌টা", শব্দগুচ্ছে ও-ধ্বনি অ-ধ্বনি হচ্ছে (স$^{ে}$ ও স$^{ঁ}$)-এ, "কলকাতা, রেডিঅ, লগাঅত্‌, খল্‌, অআরিস, ঘন্‌টা"। (অ$^{ে}$ ও অ$^{ঁ}$) এর, "নফা, নুকসান্‌, হিসাব্‌, দাম, ফাগুন্‌, আসিন্‌, জেট্‌, তারিখ্‌, হাপ্‌তা, বোছোর্‌, গহনা, গোলা, লাল্‌টেন, কাকা, কাকি, আলু, দালিআ, চা, রুটি", (স$^{ে}$ ও স$^{ঁ}$)-তে হয়ে যায়, "নাফা, লোকস্ন, হিসেব্‌, দাম, ফাগোন, আসসিন্‌, জইসট্‌, তারিক, আপ্‌তা, বছর, গোহনা, গুদাম, কাগজ, কাকা, কাকি, আলু, ডাল, চা, রোটি"। (অ$^{ে}$ ও অ$^{ঁ}$) এর, "মেলা, খেলা, একা, দেখা", (স$^{ে}$ ও স$^{ঁ}$)-তে সংবৃত এ-ধ্বনি বিবৃত এ-ধ্বনিতে স্বরসঙ্গতি প্রক্রিয়ায় হয়ে যায়, "ম্যালা, খ্যালা, এ্যাকা, দ্যাখা"। (অ$^{ঁ}$ ও অ$^{ঁ}$) এর, "দুনা, চিম্‌টা, নিলাম্‌, চিনাচর্‌, কলম্‌, বুতাম্‌, অতি, কলি, গরু, চুল", স্বর সঙ্গতি প্রক্রিয়্য (স$^{ে}$ ও স$^{ঁ}$)-তে বোলছে, "সোনা, চিম্‌টে, নিলেম্‌, চেনাচর্‌, কলোম্‌, বুতোম্‌, ওতে, কোলি, গোরু, চুলি"।

(অ$^{ে}$ ও অ$^{ঁ}$) দের মুখে, "পুজা, সিখ, চাকরি, নিলাম, পিন্‌ড, সরল্‌, সহরিয়া, দমদম, খরদহ্‌, পলতা, করিঅঅ, মিল্‌, আমি, তুমি, সো, নিরামিস্যি, সদর, মাদুর, চাটাই, বতরুম, কিলাস্‌, ফিতা, চোর-ই, ছিনার, সিকল, বেলচা, ডাবর, মোটা, গোটা, খাসি, দাদি, তুরতে, সোর", শব্দগুচ্ছে স্বরসঙ্গতি প্রভাব (স$^{ে}$ ও স$^{ঁ}$)-তে বলে চলেছে, "পুজী, সেখো, চাকুরে, নিলেম্‌, পিন্‌ডি, সরোল্‌, সহুরে, দোম্‌দম্‌, খোরদহ্‌, পোল্‌তা কোরে, মেলা, আমার্‌, তোম্র্‌, সোআ, নিরিমিস্যি, সদোর্‌, মাদোর্‌, চটাই, বাতোম্‌, কেলাস্‌, ফিতে, চোরি, ছিনুলি, সেকল্‌, ব্যাল্‌চা, ডাবোর্‌, মটা, গটা, খোসি, দাদিমা, তোরতে, সুর্‌"। (অ$^{ে}$ ও অ$^{ঁ}$)-এর, "আরাম্‌, আজ্‌কল্‌, আম্‌জন্‌তা, আবেলা, আপন্‌গারি, অপন্‌ঘর, আসুবি, হোলি, বহুত্‌, কপহে, কহল, রহল, হালত্‌, কহ, খেল্‌কে, রাখ্‌, দেখ, ভইয়আ, দেখরহ্‌ল্‌, খেলিব্‌, সব্‌সে, গরিব, ভরোসা, কাগজ, নেট, ওকর, সকত্‌, ওক্‌রা, রিক্‌সা, তরফ্‌, দোসত্‌, বুঝত্‌, খাতির্‌, লোগ্‌, জল্‌দি, জ্যাদা, মান্‌এ, তইঅ্যার", শব্দগুচ্ছে অতি স্বাভাবিক ভাবে (স$^{ে}$ ও স$^{ঁ}$) মুখে মুখে ফিরছে, "অরাম, আজকাল, অম্‌জনতা, অবেলা, আপন্‌গারি, আপনঘর্‌, অসুবি, হোলি, বহুত, কহ্‌, কাকে, কইল, রইল, হালত্‌, ক, খেলকে, রাক্‌, দেক্‌, ভাই, দেখরইল, খুলব, সব্‌কে, গোরিব, ভরসা, কাগজ, নেতা, উকর, সকত্‌, ওগ্‌রা, রিক্‌সা, তরক্‌, দোসত্‌, খাতির্‌, লোক্‌, জল্‌তি, জ্যাদা, মানা, তইআর্‌"।

তথ্যসূত্র/গ্রন্থঋণ:

1. অগ্রবাল সরযু প্রসাদ,ভাষা বিজ্ঞান অউর হিন্দী, ১৯৭০
2. তিওআরী উদয় নারায়ণ, হিন্দী ভাষা কা উদ্গম অওর বিকাশ, প্রয়াগ
3. তিওআরী ভোলানাথ,ভাষা বিজ্ঞান, ১৯৬৯
4. তিওআরী ভোলানাথ,ভাষা বিজ্ঞান কোষ, বারানসী
5. তিওআরী বি.এন. ও অন্যান্য,ভারতীয় ভাষা বিজ্ঞান কা ভূমিকা, ১৯৮৪
6. তিওআরী নগেন্দ্র, শৌলী বিজ্ঞান, ১৯৭৬
7. বাহরী হরদেব, হিন্দী উদ্ভব বিকাশ ওউর রূপ, ১৯৬৯
8. মেহরোত্রা রমেশ চন্দ্র, হিন্দী ধ্বনিকী অউর ধ্বনি, ১৯৭০
9. Kellogg S. H., A Grammar of the Hindi Language, 1995
10. Grierson G.A., Linguistic survey of India, Cal-1903-27
11. Chatterjee Sunity K., Indo Aryan and Hindi, Cal-1969
12. Ghosh B.,Census 1981, Provisional population total, Cal-1973
13. Bengal Dest. Gazett, Carrell J.H.E., Cal-1910
14. Mitra A. & Others, Census 1951, 1991, 2001, 2011, Cal.
15. Masica P.C., The Indo-Aryan Languages, C.U. Press-1991
16. Shukla S.,Bhojpuri Grammar, 1981
17. Tiwari U.N., Bhojpuri Vhasha Aur Sahitya, 1954
18. Tiwari U.N., Origin and Development of Bhojpuri Language, 1960
19. Caldwell R., A comparative Grammar of the Dravidian Languages, 1875
20. Abbi A., Studies in Bilingualism, New Delhi-1986
21. Language, L. Bloomfield, New Delhi-1935
22. Fasold R.,The Sociolinguistics of Society, Oxford 1984
23. Ghosh M. & Sinha P., Bilingualism and the Bengali of Bhagalpur, Indian Linguistics-1975

*****